# ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত, আগামীকাল প্রকাশ করবে ইসি




সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে প্রস্তুতির আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। সারাদেশের ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা তৈরি শেষ হয়েছে, যা আগামীকাল (রবিবার) প্রকাশ করা হবে। এতে মোট কয়টি কেন্দ্রে ভোটগ্রহণ হবে সেই বিস্তারিত তথ্যও অন্তর্ভুক্ত থাকবে।

শনিবার (২৬ অক্টোবর) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে ইসি ভবনে কমনওয়েলথের প্রাক নির্বাচনী পর্যবেক্ষক দলের সঙ্গে বৈঠক শেষে এক ব্রিফিংয়ে এ তথ্য জানান নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ।

তিনি জানান, “নির্বাচন নিয়ে কোনো ধরনের অনিশ্চয়তা নেই। রোডম্যাপ অনুযায়ী কমিশন ধারাবাহিকভাবে সব কাজ এগিয়ে নিচ্ছে। সব পক্ষের সঙ্গে সমন্বয় বজায় রেখে প্রস্তুতি নেওয়া হচ্ছে।”

LENS ASIA

ইসি সচিব আরও বলেন, চলতি সপ্তাহের মধ্যেই নতুন রাজনৈতিক দলের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবে কমিশন। পাশাপাশি জোটগত নির্বাচন হলে প্রতীক ব্যবহারের নিয়ম এবং বিএনপির আবেদন সংক্রান্ত সিদ্ধান্ত শিগগিরই জানানো হবে।

বৈঠকে নির্বাচন কমিশনের পক্ষ থেকে তরুণ ভোটারদের অংশগ্রহণ, আরপিও সংশোধন, স্টেকহোল্ডারদের সঙ্গে ধারাবাহিক সংলাপ, নির্বাচনী নিরাপত্তা ব্যবস্থা, প্রযুক্তির অপব্যবহার রোধ, এবং নির্বাচনী সহায়তা সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা হয়।

আখতার আহমেদ বলেন, “আমাদের লক্ষ্য একটি স্বচ্ছ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজন করা। এজন্য প্রতিটি দিক গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রস্তুতি চলছে।”